



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

কৃষি ঋণ বিভাগ

১৩ কার্তিক, ১৪২৫

তারিখঃ -----

২৮ অক্টোবর, ২০১৮

এসিডি সার্কুলার লেটার নং -১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সোনালী/ জনতা/ অগ্রণী/ রূপালী/ বেসিক/ ব্র্যাক/ আইএফআইসি/ মিডল্যান্ড/ন্যাশনাল ব্যাংক লিঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

কর্মসংস্থান ব্যাংক, আইডিএলসি ফাইন্যান্স লিঃ

প্রধান কার্যালয়

ঢাকা/রাজশাহী।

বাংলাদেশকে দ্রুত স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% রেয়াতি সুদের হারে ঋণ প্রদানের লক্ষ্যে
পুনঃঅর্থায়ন কর্মসূচী (Refinance Scheme) পরিচালনার নীতিমালা প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিএফআইডি সার্কুলার নং - ০২ তারিখঃ ০২/০৬/২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার এর ৩ এবং ৬(ক) নং অনুচ্ছেদটি নিম্নলিখিত অনুচ্ছেদদ্বয় দ্বারা প্রতিস্থাপিত হবে।

৩. ঋণের সুদের হার :

এ স্কীমের আওতায় উল্লিখিত ব্যাংক/বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানগুলো বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংক রেটে (বর্তমানে ৫%, যা পরিবর্তনশীল) পুনঃঅর্থায়ন সুবিধা পাবে। গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৪%। ব্যাংক/বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানগুলো বিতরণকৃত ঋণের বিপরীতে কৃষি ও পল্লী ঋণ নীতিমালায় প্রযোজ্য সুদ হারের তুলনায় প্রকৃত সুদ ক্ষতি বাবদ অর্থ বাংলাদেশ ব্যাংকের নিকট দাবী করতে পারবে।

৬. রেয়াতি সুদে বিতরণকৃত ঋণের বিপরীতে ব্যাংকগুলোর আর্থিক ক্ষতিপূরণ :

(ক) ব্যাংকগুলো বার্ষিক কৃষি ঋণ কর্মসূচীর আওতায় উক্ত খাতে রেয়াতি সুদে প্রদত্ত ঋণের বিপরীতে আদায়কৃত/সমন্বয়কৃত ঋণ হিসাবসমূহের বিস্তারিত তথ্য (যেমনঃ মোট ঋণ গ্রহীতার সংখ্যা, ঋণ মঞ্জুরের সময়কাল, বিতরণকৃত ঋণের পরিমাণ, রেয়াতি সুদ আরোপের ফলে মোট ক্ষতির পরিমাণ ইত্যাদি) উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বছর সমাপ্তির পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট সুদ ক্ষতির আবেদন পেশ করবে ;

এ সংক্রান্ত উল্লিখিত সার্কুলার এবং এসিডি সার্কুলার লেটার নং - ০৩ তারিখঃ ২৫/০৮/২০১৫ ; এসিডি সার্কুলার লেটার নং - ০৩ তারিখঃ ১৮/০৮/২০১৬, এসিডি সার্কুলার লেটার নং - ০১ তারিখঃ ২৬/০৪/২০১৭ ও এসিডি সার্কুলার লেটার নং - ০২ তারিখঃ ২৪/০৮/২০১৭ এ বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ ১ নভেম্বর, ২০১৮ থেকে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(শেখ হুমায়ুন কবীর)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৬১২